

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)



স্মারক নং-০৫.০০.০০০০.২০০.১৫.০০৮.২০.৪৬

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৮  
১৫ ফেব্রুয়ারি ২০২২


**বিজ্ঞপ্তি**

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় আগামী ২০/০৩/২০২২ হতে ৩১/০৩/২০২২ তারিখ পর্যন্ত ১২ (বার) দিন মেয়াদে অতিরিক্ত সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের জন্য ২৩তম পলিসি প্ল্যানিং এ্যান্ড ম্যানেজমেন্ট কোর্স (পিপিএমসি) পরিচালিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে সংযুক্ত আবেদনছক পূরণপূর্বক আগামী ২৮/০২/২০২২ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে আবেদনপত্র [it1@mopa.gov.bd](mailto:it1@mopa.gov.bd)-এ ই-মেইলে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। শর্তাবলী:

- (ক) কোর্সটি সম্পূর্ণ আবাসিক এবং কোর্সে অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে বিপিএটিসি'র ডরমিটরিতে অবস্থান করতে হবে;
- (খ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এর অনুকূলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি এবং এ প্রশিক্ষণ বাবদ অন্যান্য ব্যয় নির্বাহ করা হবে;
- (গ) কোর্স শুরুর তারিখে অনূর্ধ্ব ৫৭ বছর বয়সী কর্মকর্তাগণ কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন;
- (ঘ) আবেদনপত্র ছকের নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে। চূড়ান্ত মনোনয়নের পর কোনক্রমেই কোর্স হতে অব্যাহতির আবেদন গ্রহণযোগ্য হবে না; এবং
- (ঙ) নির্ধারিত ছকে আবেদনপত্র প্রাপ্তির পর চূড়ান্ত মনোনয়নের তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।

সংযুক্তি: ছক ০১ পাতা

  
(মোহাম্মদ খালেকুজ্জামান)  
উপসচিব  
ফোনঃ +৮৮ ০২ ৯৫১৫৫২৫  
ই-মেইলঃ [it1@mopa.gov.bd](mailto:it1@mopa.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব /সচিব ..... (অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০২। পরিচালক, পিপিআর অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তি ও আবেদন ফরম ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় ( সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। অতিরিক্ত সচিব (সিপিটি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ০৬। অফিস কপি

২৩তম পলিসি প্ল্যানিং এ্যান্ড ম্যানেজমেন্ট কোর্স (পিপিএমসি)-এ অংশগ্রহণের জন্য আবেদন

১.	নাম ও পরিচিতি নম্বর	
২.	ব্যাচ নং: (অবশ্যই উল্লেখ করতে হবে)	
৩.	পদবি ও কর্মস্থল:	
৪.	জন্ম তারিখ:	
৫.	২০/০৩/২০২২ তারিখে বয়স:	
৬.	মোবাইল নম্বর:	
৭.	দাপ্তরিক ফোন নম্বর:	
৮.	ই-মেইল:	

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে  
মনোনয়ন প্রদানের সুপারিশ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল